

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - (সালাতের) সময়সমূহ

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: كَانَ قَدْرُ صَلَاةِ رَسُولِ الله صلى الله عَلَيْهِ وَسلم الظّهْر فِي الصَّيْفِ ثَلَاثَةَ أَقْدَامٍ إِلَى سَبْعَةِ أَقْدَامٍ رَوَاهُ الصَّيْفِ ثَلَاثَةَ أَقْدَامٍ إِلَى سَبْعَةِ أَقْدَامٍ رَوَاهُ أَبُو دَاوُد وَالنّسَائِيّ

বাংলা

৫৮৬-[৬] ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, গরমকালে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুহরের সালাতের (ছায়ার পরিমাণ) ছিল তিন হতে পাঁচ রুদম, আর শীতকালে পাঁচ হতে সাত রুদম। (আবূ দাউদ ও নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪০০, নাসায়ী ৫০৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মধ্যে 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) শুধুমাত্র যুহরের সময়টি বুঝাতে চেয়েছেন। একটি কথা একেকজন সাহাবী একেকভাবে বুঝানোর চেষ্টা করেছেন।

'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) বলছেন যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গ্রীষ্মকালে যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন সূর্য পশ্চিম দিকে চলে যাওয়ার পর হতে একজন মানুষের ছায়া তার তিন পা সমান হওয়া পর্যন্ত। আবার কখনো আবহাওয়া খুব গরম হওয়ার কারণে সময়টি একটু ঠাণ্ডা করার উদ্দেশে যুহরকে আরো একটু বিলম্ব করতেন তখন দেখা যেত যে, মানুষের ছায়া তার পাঁচ কদম বা তার পাঁচ পা সমান হয়ে গেছে।

আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শীতকালে যুহর আদায় করতেন সূর্য পশ্চিম দিকে গড়ার পর হতে



একজন মানুষের ছায়া পাঁচ থেকে সাত কদম হওয়া পর্যন্ত।

উল্লেখ্য যে, মানুষের সাত রুদম তার হাতের প্রায় সাড়ে তিন হাত পরিমাণ হবে। তার অর্থ দাঁড়ায় প্রতিটি জিনিসের ছায়া তার সমপরিমাণ পর্যন্ত।

উল্লেখ্য যে, ছায়া ঋতুভেদে কম-বেশী হয়ে থাকে- এ কথাটি সর্বক্ষণ মনে রাখা দরকার।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন